চুয়াডাঙ্গা-২ আসনে জাসদের প্রার্থী নির্বাচন প্রত্যহার করে উঠলেন নৌকায়

বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ (ইনু) সমর্থিত চুয়াডাঙ্গা জেলা জাসদের সদস্য চুয়াডাঙ্গা-২ আসনের প্রার্থী দেওয়ান মোঃ ইয়াসিন উল্লা মশাল প্রতীক প্রত্যহার করে নৌকায় উঠলেন।

আজ শুক্রবার সন্ধ্যা ৭ টায় দর্শনা পৌর জাসদের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের এ ঘোষণা দেন তিনি।

দামুড়হুদা উপজেলা জসদের সভাপতি জাহাঙ্গীর আলম লুল্লু জানান, ১৪ দলের নীতিগত সিদ্ধান্ত জোট গতভাবে ভোট করা। সেই মোতাবিক আমাদের চুয়াডাঙ্গা-২ আসনের প্রার্থী দেওয়ান মোঃ ইয়াসিন উল্লাহ মশাল প্রতীকে নির্বাচন প্রত্যাহার করেন। আজকের থেকে আমারা নৌকার পক্ষ কাজ করবো।

চুয়াডাঙ্গা-২ আসেন জাসদ (ইনু) মশাল প্রার্থী দেওয়ান ইয়াসিন উল্লাহ জানান,সারাদেশে ১৪ দল জোট গত ভাবে আন্দোলন সংগ্রাম সরকার পরিচালনার ক্ষেত্রে একসাথে কাজ করে আসছে। সামনে জাতীয় নির্বাচনে চুয়াডাঙ্গা-২ আসনে নেতা কর্মীদের মতামতের ভিত্তিতে আমি নির্বাচনে আগামী নির্বাচনে মশাল মার্কা প্রতীকে নির্বাচন প্রত্যহার করছি। আওয়ামী লীগের মনোনীত নৌকা প্রার্থী আলী আজগার টগরের সমর্থন করে জাসদের নেতাকর্মীদের সাথে নিয়ে নৌকার বিজয় ছিনিয়ে আনা হবে।

সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন দর্শনা পৌর আওয়ামী লীগের সহ সম্পাদক গোলাম ফারুক আরিফ, আওয়ামীলীগ নেতা জাহিদুল ইসলাম, দর্শনা পৌর জাসদের আহবায়ক জাকারিয়া জাকির, কেন্দ্রীয় জাসদের সদস্য আব্দুস সামাদ বিপু।

পরে দর্শনা পৌর জাসদের সভাপতি জুলফিকার হায়দার সাংবাদিকদের কাছে অভিযোগ করে বলেন,আমরা পৌর জাসদের দায়িক্তে আছি আমরা কোন কিছুই জানিনা। আমাদেরকে না জানিয়ে প্রার্থীতা প্রত্যহার করেছে। আমরা দর্শনা পৌর জাসদ সমর্থন করিনা বলে অভিযোগ করেন।তিনি আরও বলেন দামুড়হুদা উপজেলা জাসদের সভাপতি জাহাঙ্গীর আলম লুল্লু সে তার একক

সিধান্তে তার একক প্রার্থী প্রত্যহার করেছে।।দর্শনা পৌর জাসদ কোন রকম এ সমর্থন করে না।

দেশী বিদেশী যে কোন অশুভ শক্তি মোকাবেলার সক্ষমতা আছে এই সরকারের : ইনু

বিদেশী বিভিন্ন ষড়যন্ত্র ও চক্রান্ত মোকাবেলা করবো বলে জানিয়েছেন জাতীয় সমাজতান্ত্রীক দল-জাসদ সভাপতি, কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনে ১৪ দলের নৌকা প্রতীকের প্রার্থী হাসানুল হক ইনু।

তিনি বলেন, জনগনের রায় নিয়ে আগামী ৫ বছরে শেখ হাসিনার নেতৃত্বে এই সরকারই দেশকে স্মার্ট এবং সুশাসনের বাংলাদেশ বাংলাদেশ হিসেবে গড়ে তুলবে। দেশী বিদেশী যে কোন অশুভ শক্তি মোকাবেলার সক্ষমতা আছে এই সরকারের।

রবিবার সকালে হাসানুল হক ইনু কুষ্টিয়ার মিরপুর বাজার থেকে গণসংযোগ শুরুর আগে সাংবাদিকদের এসব কথা বলেন।

তিনি বলেন, আমি আওয়ামীলীগের প্রার্থী, জাসদের প্রার্থী। আবার আমি ওয়ার্কাস পাটর্◌ির প্রার্থী এবং সবচেয়ে বড় কথা হলো আমি জোটনেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার মনোনীত প্রার্থী। এই প্রার্থীর কাজ হচ্ছে যে কোন মুল্যে শান্তি বজায় রেখে মাস্তানমুক্ত এবং সন্ত্রসামুক্ত নির্বাচন অনুষ্ঠান করা। তাদের ভুমিকা রাখা এবং রাষ্ট্রীয় পর্যায়ে সাম্প্রদায়ীক জঙ্গীবাদী বিএনপি চক্রকে ক্ষমতার বাইরে রাখতে ভুমিকা রাখা। এই যে কাজটা, এই কাজ নৌকার প্রাথী হিসেবে আমাকে করতে হবে। এবং শেখ হাসিনার নির্দেশে রাজনৈতিক শান্তি একদিকে বজায় রাখবো, উন্নয়নের ধারা অব্যহত রাখবো।

তিনি আরও বলেন, ১৪ দলীয় জোটের প্রার্থী হিসেবে এখানে (মিরপুর-

ভেড়ামারা) আমি নৌকা প্রতীক নিয়ে নির্বাচন করছি। ১৪ দলের নেত্রী শেখ হাসিনার পরিষ্কার নির্দেশ হচ্ছে ১৪ দলের শরীক দলকে নৌকার প্রতীকের প্রার্থীকে বিজয়ী করা। সেই নির্দেশনা অনুযায়ী আওয়ামীলীগ ও অঙ্গসহযোগী সংগঠনেসহ জাসদের নেতাকর্মীরা নির্বাচনে অংশ নিতে হবে।

মিরপুর পৌর আ’লীগের সভাপতি পৌরসভার মেয়র এনামুল হককে সাথে নিয়ে মানুষের কাছে নৌকায় ভোট প্রার্থনা করেন।